

রহমান রহীম আল্লাহ্ তায়ালার নামে

রুকু ২

- ০৭৩-১ হে বস্তু আচ্ছাদনকারী (মোহাম্মদ,)
 ০৭৩-২ রাতে (নামায়ের জন্যে) উঠে দাঁড়াও, কিছু অংশ বাদ দিয়ে,
 ০৭৩-৩ তার অর্ধেক (পরিমাণ) অংশ (নামায়ের জন্যে দাঁড়াও), অথবা তার চাইতে আরো
 কিছু কম,
 ০৭৩-৪ কিংবা (চাইলে) তার ওপর (কিছু সময়) তুমি বাড়িয়েও দিতে পারো, আর তুমি
 কোরআন তেলাওয়াত করো থেমে থেমে;
 ০৭৩-৫ (মনে রেখো,) অচিরেই আমি তোমার উপর একটি ভারী (শুভ্রূপূর্ণ বাণী সদৃশ)
 কিছু রাখতে যাচ্ছি।
 ০৭৩-৬ (অবশ্যই) রাতে বিছানা ত্যাগ! তা আত্মসংযমের জন্যে বেশী কার্যকর (পল্লা, তা
 ছাড়া এ সময়) কোরআন পাঠেরও যথার্থ সুবিধা থাকে বেশী;
 ০৭৩-৭ নিঃসন্দেহে দিনের বেলায় তোমার থাকে প্রচুর কর্মব্যস্ততা;
 ০৭৩-৮ তুমি তোমার মালিকের নাম স্মরণ করো এবং একনিষ্ঠভাবে তাঁর দিকেই
 মনোনিবেশ করো;
 ০৭৩-৯ আল্লাহ্ তায়ালার পূর্ব পশ্চিমের একক মালিক, তিনি ছাড়া আর কোনো মাবুদ নেই,
 অতএব তাঁকেই তুমি অভিভাবক হিসেবে গ্রহণ করো।

- ০৭৩-১০ এ (নির্বোধ) লোকেরা (তোমার সম্পর্কে) যেসব কথাবার্তা বলে তাতে (কান না দিয়ে বরং) তুমি ধৈর্য্য ধারণ করো এবং সৌজন্য সহকারে তাদের পরিহার করো।
- ০৭৩-১১ আর সহায় সম্পদের অধিকারী এ মিথ্যা সাব্যস্তকারীদের (সাথে ফয়সালায়) ব্যাপারটা তুমি আমাকে ছেড়ে দাও এবং কিছুদিনের জন্যে তুমি তাদের অবকাশ দিয়ে রাখো।
- ০৭৩-১২ অবশ্যই আমার কাছে (এ পাপীদের পাকড়াও করার জন্যে) শেকল আছে, আছে (আযাব দেয়ার জন্যে) জাহান্নাম,
- ০৭৩-১৩ (তাদের জন্যে আরো রয়েছে) গলায় আটকে যাবে এমন (ধরনের) খাবার ও যন্ত্রণা দেবে এমন ধরনের আযাব,
- ০৭৩-১৪ (এ ঘটনা সেদিন ঘটবে) যেদিন পৃথিবী ও (তার ওপর অবস্থিত) পাহাড়সমূহ সব প্রকম্পিত হতে থাকবে এবং পাহাড়সমূহের অবস্থা হবে বিক্ষিপ্তভাবে ছড়িয়ে থাকা কতিপয় বালুকা স্তুপের ন্যায়।
- ০৭৩-১৫ নিশ্চয়ই আমি তোমাদের কাছে (তোমাদের কাজকর্মের) সাক্ষ্যদাতা হিসেবে একজন রসূল পাঠিয়েছি, যেমনি করে ফেরাউনের কাছেও আমি একজন রসূল পাঠিয়েছিলাম;
- ০৭৩-১৬ অতঃপর ফেরাউন (আমার পাঠানো) রসূলকে অমান্য করলো, (এ অমান্য করার শাস্তি হিসেবে) আমি তাকে কঠোরভাবে পাকড়াও করলাম।
- ০৭৩-১৭ (আজ) যদি তোমরাও সেদিনকে অস্বীকার করো তাহলে আল্লাহর আযাব থেকে (বলো) কিভাবে তোমরা বাঁচতে পারবে, যেদিন (অবস্থার ভয়াবহতা অল্প বয়স্ক) কিশোর বালকদেরও বৃদ্ধ বানিয়ে দেবে;
- ০৭৩-১৮ যেদিন তার সাথে আসমান ফেটে পড়বে, (এ) হচ্ছে আল্লাহর প্রতিশ্রুতি, আর তা সংঘটিত হবেই।

০৭৩-১৯ এ (বাণী) হচ্ছে একটি উপদেশমাত্র, কোনো ব্যক্তি চাইলে (এর মাধ্যমে সহজেই) নিজেদের মালিকের দিকে যাওয়ার একটি রাস্তা গ্রহণ করে নিতে পারে।

সুকু ৩

০৭৩-২০ (হে নবী,) তোমার মালিক (একথা) জানেন, তুমি এবং তোমার সাথে তোমার সাথীদের এক দল (এবাদাতের জন্যে কখনো) রাতের দুই তৃতীয়াংশ, (কখনো) অর্ধেক অংশ, আবার (কখনো) এক তৃতীয়াংশ দাঁড়িয়ে থাকো; (মূলত) রাত দিনের এ হিসাব তো আল্লাহ তায়ালাই ঠিক করে রাখেন; তিনি (এও) জানেন, তোমরা এর সঠিক হিসাব করতে সক্ষম হবে না, তাই আল্লাহ তায়ালা (এ ব্যাপারে) তোমাদের ওপর ক্ষমাপন্ন হলেছেন, অতএব (এখন থেকে) কোরআনের যে পরিমাণ অংশ তেনাওয়াত করা তোমাদের জন্যে সহজ, ততোটুকুই তোমরা তেনাওয়াত করো; আল্লাহ তায়ালা তোমাদের অবস্থা জানেন, তোমাদের ভেতর কেউ অসুস্থ হয়ে পড়তে পারে, আবার পরবর্তীতে কেউ কেউ আল্লাহর অনুগ্রহ (জীবিকা) সন্তানের উদ্দেশ্যে সফরে বের হতে পারে, আবার একদল লোক আল্লাহর পথে যুদ্ধে নিয়োজিত হবে, তাই (এ পরিপ্রেক্ষিতে) তা থেকে যেটুকু অংশ পড়া তোমাদের জন্যে সহজ ততোটুকুই তোমরা পড়ো; তোমরা নামায প্রতিষ্ঠা করো, (মান সম্পদের) যাকাত আদায় করো এবং (দান করার মাধ্যমে) আল্লাহকে উত্তম ঋণ দিতে থাকো; (মনে রাখবে,) যা কিছু ভালো ও উত্তম কাজ তোমরা আগেভাগেই নিজেদের জন্যে আল্লাহর কাছে পাঠিয়ে রাখবে, তাই তোমরা আল্লাহর কাছে (সংরক্ষিত দেখতে) পাবে, পুরস্কার ও এর বর্ধিত পরিমাণ হিসেবে তা হবে অতি উত্তম, তারপর (নিজেদের গুনাহ খাতার জন্যে) আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনা করো, নিঃসন্দেহে আল্লাহ তায়ালা অতীব দয়ালু ও অধিক ক্ষমাশীল।

Bengali Translation By : Hafiz Munir Uddin Ahmed

Al Quran Academi London